


Advertisement



৫ লক্ষ সম্মানিত বাঙালি পরিবারের মধ্যে থেকে
খুঁজে নিন আপনার পছন্দের জীবনসঙ্গী।*

ফ্রি-তে রেজিস্টার করতে **ক্লিক করুন**

* শর্তাবলী প্রযোজ্য

কলকাতা অ্যান্ড বিহার
ABP Weddings
আপনার পছন্দ। সফল পছন্দ।



biggg
Room
for fun



rISE
sports republic
6 Lane Rajarhat



© BHK | ₹62 Lac Onwards*
www.bhk.com | 033-2555-0000 | 1500 sq ft | 1500 sq ft

আনন্দবাজার পত্রিকা অনলাইন

২২ জানুয়ারি ২০২৪


প্রথম পাতা কলকাতা পশ্চিমবঙ্গ দেশ বিদেশ সম্পাদকের পাতা খেলা বিনোদন জীবন + ধারা ভিডিয়ো

Anandabazar / West Bengal / Kolkata /

Jadavpur University

তিন আবেদনকারী অনশনে বসতেই রাতে প্রকাশিত পিএইচ ডি-র মেধা তালিকা

পিএইচ ডি-র মেধা তালিকা নিয়ে বিতর্ক চলছিল বেশ কয়েক মাস ধরে। এর জেরে গত মাসে পদত্যাগ করেছিলেন কলা বিভাগের তৎকালীন ভারপ্রাপ্ত ডিন।



যাদবপুর বিশ্ববিদ্যালয়। —ফাইল চিত্র।

নিজস্ব সংবাদদাতা

📍 কলকাতা 🕒 শেষ আপডেট: ১২ জানুয়ারি ২০২৪ ১০:০৮

Share: [f](#) [↩](#) Save: [🔖](#)

ষাদবপুর বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের পিএইচ ডি-র মেধা তালিকা প্রকাশের দাবিতে বৃহস্পতিবার অনশনে বসলেন তিন প্রার্থী। তার পরেই এ দিন রাতে ওই মেধা তালিকা প্রকাশ করা হল।



প্রসঙ্গত উল্লেখ্য, পিএইচ ডি-র মেধা তালিকা নিয়ে বিতর্ক চলছিল বেশ কয়েক মাস ধরে। এর জেরে গত মাসে পদত্যাগ করেছিলেন কলা বিভাগের তৎকালীন ভারপ্রাপ্ত ডিন। তাঁর বদলে যিনি ডিন হন, সেই শিবাশিস চট্টোপাধ্যায়ও ওই একই দিনে পদত্যাগ করতে চেয়েছিলেন। অভিযোগ উঠেছিল, ডক্টরাল কমিটির তৈরি তালিকা বদল করতে চেয়েছিলেন বর্তমানে অপসারিত অন্তর্বর্তী উপাচার্য বুদ্ধদেব সাউ। যদিও সেই সময়ে বুদ্ধদেবের দাবি ছিল, ভর্তির তালিকায় অনিয়ম হয়েছে। ইউজিসি-র নিয়ম মেনে সব হয়নি। এর পরেই সমাবর্তন-বিতর্কে বুদ্ধদেবকে পদ থেকে সরিয়ে দেন রাজ্যপাল। পিএইচ ডি-র ওই তালিকা প্রকাশ নিয়েও আর উদ্যোগী হয়নি কোনও পক্ষ।

এই বিষয়ে বুধবার ডক্টরাল কমিটির বৈঠক হওয়ার কথা থাকলেও তা হয়নি। এ দিন সেই বৈঠক হয় এবং মেধা তালিকা প্রকাশের সিদ্ধান্ত হয়। এর পরে সহ-উপাচার্য অমিতাভ দত্ত, ডিন এবং অন্য শিক্ষকেরা অনশনকারীদের অনশন তুলে নেওয়ার অনুরোধ জানান। মেধা তালিকা প্রকাশ হওয়ার পরে ওই তিন জন অনশন তুলে নেন।

(সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহুর্তে। ফলো করুন আমাদের [Google News](#), [X \(Twitter\)](#), [Facebook](#), [Youtube](#), [Threads](#) এবং [Instagram](#) পেজ)

[Jadavpur University](#) [Education](#)

Follow us on: [f](#) [X](#) [📷](#) [📧](#) Save: [🔖](#)

Advertisement